

💵 হিসনুল মুসলিম

বিভাগ/অধ্যায়ঃ দৈনন্দিন ও সামাজিক জীবনাচার রচয়িতা/সঙ্কলকঃ ড. সাঈদ ইবন আলী ইবন ওয়াহফ আল-কাহত্বানী

৬৯. খাওয়ার পূর্বে দো'আ

১৭৮-(১) "যখন তোমাদের কেউ আহার শুরু করে তখন সে যেনো বলে,

«بِسْمِ اللَّهِ»

(বিসমিল্লাহ)

"আল্লাহর নামে।" আর শুরুতে বলতে ভুলে গেলে যেন বলে,

«بسم اللَّهِ فِي أُوَّلِهِ وَآخِرِهِ»

(বিস্মিল্লাহি ফী আওওয়ালিহী ওয়া আখিরিহী)।

"এর শুরু ও শেষ আল্লাহ্র নামে।"[1]

১৭৯-(২) "যাকে আল্লাহ কোনো খাবার খাওয়ায় সে যেন বলে,

« اللَّهُمَّ بَارِكْ لَنَا فِيهِ وَأَطْعِمْنَا خَيْراً مِنْهُ».

(আল্লা-হুম্মা বারিক লানা ফীহি ওয়া আত'ইমনা খাইরাম-মিনহু)।

"হে আল্লাহ! আপনি আমাদেরকে এই খাদ্যে বরকত দিন এবং এর চেয়েও উত্তম খাদ্য আহার করান।" আর আল্লাহ কাউকে দুধ পান করালে সে যেন বলে:

«اللَّهُمَّ بَارِكْ لَنَا فِيهِ وَزِدْنَا مِنْهُ».

(আল্লা-হুম্মা বারিক লানা ফীহি ওয়াযিদনা মিনহু)।

"হে আল্লাহ! আপনি আমাদেরকে এই খাদ্যে বরকত দিন এবং আমাদেরকে তা থেকে আরও বেশি দিন।"[2]

ফুটনোট

- [1] হাদীসটি সংকলন করেছেন আবূ দাউদ ৩/৩৪৭, নং ৩৭৬৭; তিরমিযী, ৪/২৮৮, নং ১৮৫৮। আরও দেখুন, সহীহুত তিরমিযী, ২/১৬৭।
- [2] তিরমিযী ৫/৫০৬, নং ৩৪৫৫। আরও দেখুন, সহীহুত তিরমিযী, ৩/১৫৮।



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন